# দৈনিক জনকণ্ঠ

তারিখ ... SEP 10 1999
পৃষ্ঠা ৬ কলাম ৪

## লাঞ্ছনার প্রতিবাদে মংলা কলেজ শিক্ষকদের ক্লাস বর্জন

মংলা, ৯ সেপ্টেম্বর, নিজস্ব সংবাদদাতা ॥ ছাত্রের হাতে এক শিক্ষক লাঞ্ছিত হবার ঘটনাকে কেন্দ্র করে মংলা কলেজে অচলাবস্থা সৃষ্টি হয়েছে। ছাত্রদল ও ছাত্রলীগ মুখোমুখি অবস্থান করছে। শিক্ষকের ওপর হামলাকারী ছাত্রের বিচার দাবিতে মংলা কলেজের শিক্ষকরা অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জন শুরু করেছেন।

জানা যায়, গত মঙ্গলবার মানিক নামে তৃতীয় বর্ষের এক ছাত্র ও ছাত্রদল কর্মী শিক্ষকের অনুমতি ছাড়া প্রথম বর্ষের ক্লাসে যোগ দেয়। সমাজকল্যাণের প্রভাষক শ্যামপ্রসাদ উক্ত ছাত্রকে বের করে দিলে সে উত্তেজিত হয়ে শিক্ষককে লাঞ্ছিত করে। এ ঘটনার বিচার দাবিতে সকল শিক্ষক ক্লাস বর্জন শুরু করেছেন।